দৈনিক ইত্তেফাক

তারিখ ... 18 APR 1995 ...
পৃষ্ঠা 7 কলাম 7

04

চট্টগ্রাম ভার্সিটি

# ২ হাজার আসনের জন্য প্রায় ২৩ হাজার আবেদনপত্র

চট্টগ্রাম অফিস ।। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ সম্মান শ্রেণীর ২ হাজার ১ শত ২৬টি আসনের জন্য ২২ হাজার ৯ শত ৮৭টি আবেদনপত্র জমা পড়ি-

( শেষ পৃঃ ২ এর কঃ দ্রঃ )

চট্টগ্রাম ভার্সিটি

(১ম পৃঃ পর)

য়াছে। গড়ে প্রতি আসনের জন্য ১১ জন প্রতিদ্বন্দ্বিতা করিতেছে। গত বৎসরের তুলনায় এইবার প্রায় ২ হাজার বেশী আবেদনপত্র জমা পড়িয়াছে। সব চাইতে বেশী আবেদনপত্র পড়িয়াছে বনবিদ্যা ইনষ্টিটিউটে। এই বিভাগে ৪৫টি আসনের জন্য ১ হাজার ৬ শত ৯৯টি আবেদনপত্র জমা পড়ে। প্রতি আসনের জন্য প্রায় ৩৮ জন প্রতিদ্বন্দ্বী। একইভাবে সামুদ্রিক বিজ্ঞান ইনষ্টিটিউটে ৪৩টি আসনের জন্য ১ হাজার ৪ শত ৮৭টি আবেদনপত্র জমা পড়ে। প্রতি আসনে ৩৭ জন প্রার্থী। বিশ্ব-বিদ্যালয় কর্তৃপক্ষ আবেদনপত্র বিক্রি বাবদ ২৯ লক্ষ ৫৩ হাজার টাকা আয় করিয়াছে।

চারটি ইউনিট এবং দুইটি ইউনিট বহির্ভূত হিসাবে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। গত রবিবার ছিল ফরম জমা দেওয়ার শেষ দিন। ২৩শে এপ্রিল ভর্তি পরীক্ষা শুরু হইবে।